কালের কণ্ঠ

28 OCT 2016

ঢাকা বিশ্ববিদ্যালয়ে

# 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে 'ঘ' ইউনিটের অধীনে প্রথম বর্ষ সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষা আজ শুক্রবার অনুষ্ঠিত হচ্ছে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাবি ক্যাম্পাসে ৫৪টি ও ক্যাম্পাসের বাইরের ৪৫টি স্কুল-কলেজসহ মোট ৯৯টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

এ বছর এক হাজার ৫৪০টি আসনের জন্য ভর্তীচ্ছু আবেদনকারীর সংখ্যা এক লাখ ৯ হাজার ১৭০ জন। অনুষদগুলোর আসনসংখ্যা হলো বিজ্ঞানে এক হাজার ৯৭টি, বিজনেস স্টাডিজে ৩৯০ ও মানবিকে ৫৩টি। পরীক্ষাটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন পরীক্ষার হলে মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোনো ইলেকট্রনিক ডিভাইস বা যন্ত্র সম্পূর্ণ নিষিদ্ধ করেছে। এ ছাড়া পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে।